# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 19 May, 2025

সাকিব আল হাসানের পর এবার পাকিস্তান সুপার লিগে (পিএসএল) দেখা যাবে আরেক বাংলাদেশি অলরাউন্ডার মেহেদী হাসান মিরাজকে। লাহোর কালান্দার্সের হয়ে প্লে-অফের এলিমিনেটর ম্যাচে অংশ নেবেন তিনি।এ জন্য বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আজ তাকে ২২ থেকে ২৫ মে পর্যন্ত এনওসি (অনাপত্তিপত্র) দিয়েছে।

বিসিবির পক্ষ থেকে জানানো হয়েছে, জাতীয় দলের চলতি টি-টোয়েন্টি স্কোয়াডে না থাকায় মিরাজকে পিএসএলে খেলার ছাড়পত্র দেওয়া হয়েছে।লাহোর কালান্দার্স দলে সিকান্দার রাজার বিকল্প হিসেবে চাওয়া হয়েছে মিরাজকে।

গতকাল পেশোয়ার জালমিকে ২৬ রানে হারিয়ে লিগের পয়েন্ট টেবিলের চতুর্থ স্থান দখল করে প্লে-অফ নিশ্চিত করেছে লাহোর কালান্দার্স। তাদের এলিমিনেটর ম্যাচ অনুষ্ঠিত হবে আগামী ২২ মে।

মিরাজের এই সুযোগটি এসেছে পিএসএলে বাংলাদেশের আগের তিন ক্রিকেটারের উপস্থিতির পটভূমিতে।চলতি আসরের শুরুতে দল পেয়েছিলেন লিটন দাস, নাহিদ রানা ও রিশাদ হোসেন।তবে ইনজুরির কারণে লিটন দেশে ফিরে যান।রিশাদ লাহোরের হয়ে পাঁচটি ম্যাচ খেললেও নাহিদ ছিলেন সাইডবেঞ্চে।ভারত-পাকিস্তান যুদ্ধাবস্থার প্রেক্ষাপটে আসর সাময়িকভাবে বন্ধ হলে, তারাও দেশে ফেরেন এবং বর্তমানে আমিরাতে সফররত বাংলাদেশ দলে রয়েছেন।

এই অনুপস্থিতিতেই সাকিব আল হাসানকে অন্তর্ভুক্ত করে লাহোর।শনিবার রাতে পেশোয়ারের বিপক্ষে লাহোরের হয়ে মাঠে নামেন বাংলাদেশের সাবেক অধিনায়ক।এবার সেই একই স্কোয়াডে যোগ দিচ্ছেন অফস্পিনিং অলরাউন্ডার মেহেদী হাসান মিরাজ।

বিশেষজ্ঞরা মনে করছেন, আন্তর্জাতিক ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটে অংশগ্রহণ মিরাজের অভিজ্ঞতা ও আত্মবিশ্বাসে বড় প্রভাব ফেলবে।লাহোর কালান্দার্সের মতো বড় দলে খেলার সুযোগ তাকে ভবিষ্যত আন্তর্জাতিক ম্যাচগুলোতে আরও পরিণত পারফরমার হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে।

পিএসএল পাকিস্তান ক্রিকেট মিরাজ

© 2025 TimesToday. All Rights Reserved.